

ভৌত ও যোগাযোগ কমিটি সম্পর্কিত উপজেলা কমিটি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল-এর সভার কার্যবিবরণীঃ


সভাপতি : নাজমুল হুদা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
তারিখ : ১০/১০/২০২১ সময় : ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা প্রকৌশলী, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর অফিস কক্ষ।

টাঙ্গাইল সদর উপজেলার ভৌত ও যোগাযোগ কমিটি সম্পর্কিত উপজেলা কমিটির সভাপতি ভাইস চেয়ারম্যান উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা ভৌত ও যোগাযোগ কমিটি সম্পর্কিত উপজেলা কমিটির সদস্য সচিবকে আহবান জানান হয়। কমিটির সদস্য সচিব সভাকে জানান যে, টেকসই অবকাঠামো নির্মাণে রাজমিস্ত্রি এবং রংমিস্ত্রিদের দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। উক্ত প্রশিক্ষণ উপজেলায় টেকসই উন্নয়নে ভূমিকা রাখবে

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

সিদ্ধান্ত : প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য দাখিলকৃত প্রকল্প প্রস্তাবসমূহ দ্রুত অনুমোদনের জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।


(নাজমুল হুদা)
ভাইস চেয়ারম্যান

ও
সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
৩. চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
৪. অফিস নথি।